Information for Parents

সাফল্য অর্জন করা

শিক্ষা ক্ষেত্রে এন্টারপ্রাইজ

বাচ্চাদের সাফল্যে মা-বাবা এবং অভিভাবক বিরাট অবদান রাখতে পারেন। প্রতিটি বাচ্চারই নিজস্ব মেধাশক্তি, দক্ষতা এবং আগ্রহ রয়েছে। কোনো বাচ্চার মেধাশক্তি, দক্ষতা এবং আগ্রহ যে স্তরেই থাকুক না কেন, সে যখন শিক্ষার ব্যাপারে ইতিবাচক উৎসাহ উদ্দীপনা লাভ করে তখন সে তার নিজের সামর্থ্যের উপর আরো আস্থাশীল হয়ে উঠে এবং সাফল্য অর্জনের অনুপ্রেরণা লাভ করে। বাচ্চারা স্কুলে নতুন এবং সৃজনশীল পদ্ধতিতে শিক্ষা লাভ করছে, নিজেদের মেধাশক্তি সম্পর্কে সচেতন এবং এমন সব দক্ষতা অর্জন করছে, যেগুলো আরো পরে প্রাপ্তবয়স্ক জীবনে তাদের সাহায্যে আসবে। আপনার বাচ্চার মধ্যে ইতিবাচক মনোভাব গড়ে তুলে এবং শিক্ষা লাভের প্রতি তাকে কিছুটা দায়িত্বশীল করে তুলে আপনিও ‘এন্টারপ্রাইজিং’ মনোভাবের হওয়ায় এবং সাফল্য অর্জনে তাকে সাহায্য করতে পারেন।

‘এন্টারপ্রাইজিং’ হওয়া বলতে আমরা কি বোঝাই?

স্কুলগুলো ‘ডিটারমাইণ্ড টু সাকসিড (Determined to Succeed)’ নামের একটি পদ্ধতির মাধ্যমে বাচ্চাদের মধ্যে এন্টারপ্রাইজিং মনোভাব পড়ে তুলছে। এই পদ্ধতির লক্ষ্য হলো, জীবনে সফলকাম হওয়ার জন্য বাচ্চা ও উঠতি বয়সের যবুক যুবতীদের মেধাশক্তি এবং দক্ষতা, উন্নত মনোভাব এবং জ্ঞান বৃদ্ধি করা। এটি আর কিছুই নয় বরং নতুন বিষয় পরখ করে দেখা, নতুন ধ্যান ধারণা নিয়ে কাজ করা, উদ্যোগ বাস্তবায়ন করা এবং উচ্চাকাঙ্খা পোষণ করা। ‘সাফল্য লাভ’ এর মানে শুধু পরীক্ষা পাশ করাই নয়। এর মধ্যে রয়েছে আরো অনেক বিষয়ে সাফল্য অর্জন যেমন খেলাধূলায়, গান বাজনায় এবং শিল্পকর্মে, কমিউনিটিকে সাহায্য করায়, ট্রেইনিং গ্রহণ করায় এবং জীবনের প্রথম চাকরিটি ধরায় অথবা ব্যবসা পরিচালনায় সাফল্য।

সাফল্য অর্জনের জন্য প্রয়োজন হয় 85% দক্ষতা ও উন্নত মনোভাব এবং 15% জ্ঞান।

এন্টারপ্রাইজিং পদ্ধতিতে শিক্ষালাভ বাচ্চাদেরকে প্রাপ্ত রয়স্ক জীবনের জন্য প্রস্তুত করে তুলে কারণ তা নিম্নলিখিত বিষয়গুলোর প্রতি দৃষ্টি নিক্ষেপ করে:

- বাস্তব পরিস্থিতিতে শিক্ষালাভ
- শিক্ষা লাভের পদ্ধতি শিখা
- জীবন পরিচালনার জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং মূল্যবোধ গড়ে তোলা
- দায়িত্বশীল হতে উৎসাহী হওয়া
- অর্থ এবং সম্পদ ব্যবস্থাপনা কিভাবে করতে হয় তা বোঝা
- সক্রিয় শিক্ষা – ‘হাতে কলমে লিক্ষা’
- যথাযোগ্য ক্ষেত্রে ব্যবসার সাথে শিক্ষার সংযোগ
- স্থানীয় কমিউনিটির সাথে যোগসূত্র রচনা
- বিভিন্ন ধরনের সুযোগ
- জাতীয় এবং আন্তর্জাতিক/বিশ্ব ভিত্তিক দৃষ্টিভঙ্গি
- মা-বাবা এবং পরিবারদেরকে বাচ্চাদের শিক্ষায় শরীক করা।

এগুলোর দ্বারা আমার বাচ্চা কিভাবে উপকৃত হবে?

এগুলো বাচ্চাদের মধ্যে গড়ে তুলবে:

- আত্ম-বিশ্বাস এবং আত্ম-সচেতনতা
- ইতিবাচক মূল্যবোধ এবং মনোভাব
- অন্যদের সাথে মিলেমিশে কাজ করার সামর্থ্য
- অধিক স্বনির্ভরতা এবং দায়িত্বশীলতা
- নিজের এবং অন্যদের সম্পর্কে ভাল সচেতনা
- সৃজনশীল দক্ষতা
- যোগাযোগ দক্ষতা
- নতুন উচ্চাকাঙ্খা এবং তা পরিপূরণের পথ
- ঝুঁকি নির্ণয়ের ক্ষমতা এবং যুক্তিসংগত ঝুঁকি নেওয়ার সামর্থ্য
- নমনীয়তা এবং পরিবর্তনের সাথে মানিয়ে নেওয়ার সামর্থ্য
- চাকুরি জগৎ এবং কমিউনিটি সম্পর্কে উন্নত ধারণা।

উপরোক্ত সবগুলো বিষয়ই পরবর্তীতে চাকরি জীবনে সফলকাম হতে এবং দেশের ও কমিউনিটির দায়িত্ববান নাগরিক হতে বাচ্চাদেরকে সাহায্য করবে।

আরো এন্টারপ্রাইজিং হওয়ায় আমার বাচ্চাকে সাহায্য করার জন্য আমি কি কি করতে পারি?

কিছু কার্যকরী পদ্ধতি হলো:

- বাড়িতে তাকে কাজ এবং দায়িত্ব দিন এবং তা সাফল্যের সাথে সম্পন্ন করে নিতে তাকে সাহায্য করুন
- তার সম্পর্কে ইতিবাচক মনোভাব পোষণ করুন – ভুলত্রুটি এবং দুর্বলতাকে শিক্ষা লাভের সুযোগ হিসাবে গ্রহণ করুন
- তার মতামত নিন এবং সিদ্ধান্ত গ্রহণ কাজে তাকে শরীক রাখুন
- নতুন বিষয় পরখ করে দেখতে উৎসাহ যোগান – এইজন্য সব সময়ই পয়সা খরচ হবে না
- নিজস্ব ধ্যান ধারণা গড়ে তোলায় অথবা আগ্রহ, মেধাশক্তি এবং সামর্থ্যের জন্য মানানসই পেশাগত পরিকল্পনা গড়ে তোলায় তাকে সাহায্য করুন।

এই ব্যাপারে স্কুলগুলো কি কি করছে?

এটা করো সেটা করো এবং এভাবে করো সেভাবে করো না বলে, টিচারগণ প্রায়ই নিজেদের মধ্যে সিদ্ধান্ত নিতে, ধারণা প্রদান এবং নিজেদের লেখাপড়ার দায়-দায়িত্ব নিতে বাচ্চাদেরকে সাহায্য ও উৎসাহ প্রদান করেন।
এই পদ্ধতি বাচ্চাদের মধ্যে আত্ম-বিশ্বাস, ‘করতে পারার’ মনোভাব এবং ভুল থেকে শিক্ষালাভের সামর্থ্য গড়ে তুলে।

স্কুলগুলো যেসব ব্যবস্থা করতে পারে সেগুলোর মধ্যে কয়েকটি হলো:

- 'আমাদের সাহায্যে নিয়োজিত লোকদের সম্পর্কে' জানা। এইজন্য ঐ সব লোকদের মধ্য থেকে কাউকে যেমন ফায়ারম্যান, পুলিশ অফিসার, পশুর ডাক্তার, ইত্যাদি পেশার লোককে ক্লাসরুমে আনা হবে এবং বাচ্চারা তাদের কাছ থেকে তাদের কাজ সম্পর্কে জানবে
- মা-বাবাদেরকে ক্লাসে এনে বাচ্চাদের সামনে তারা কি কাজ করেন, সে সম্পর্কে বাচ্চাদেরকে বলা
- স্কুলের বা কোনো চ্যারিটির জন্য বিভিন্ন ধরনের জিনিস বিক্রি করে পয়সা উঠানো
- বৃহত্তর কমিউনিটির উপকারে আসে এমন ধরনের প্রকল্প যেমন রিসাইক্লিং, পরিবেশের যত্ন নেওয়া এবং স্বেচ্ছাসেবা মূলক কাজ
- স্থানীয় এলাকার যানবাহন, দোকান, ঘরবাড়ি এবং কর্মজীবিদের সম্পর্কে জরিপ সম্পন্ন করা
- অপেক্ষাকৃত বড় বাচ্চাদের জন্য কাজ শিক্ষার বা কাজের অভিজ্ঞতা লাভের ব্যবস্থা করা
- আন্তর্জাতিক সংযোগ এবং অভিজ্ঞতা
- স্কুল ছুটির পরে শিক্ষা ও অধ্যয়নের সুযোগ।

আপনি, আপনার চাকুরিকর্তা অথবা ব্যবসা প্রতিষ্ঠান কি উপরোক্ত কোনো কাজে স্কুলের সাথে শরীক হতে পারবেন?

উপযুক্ত পেশা পছন্দ করার ক্ষেত্রে আমার বাচ্চাকে আমি কিভাবে সাহায্য করতে পারি?

আমরা জানি যে, উপযুক্ত পেশা পছন্দ করে নেওয়ার ক্ষেত্রে বাচ্চাদের জন্য গুরুত্বপূর্ণ অনুপ্রেরণা মা-বাবারাই হয়ে থাকেন। আপনার বাচ্চাকে সাহায্য করার জন্য আপনি নিম্নলিখিত পরামর্শগুলো অনুসরণ করতে পারেন:

- বাচ্চার প্রতি ইতিবাচক মনোভাব পোষণ করুন এবং যে চাকরিগুলোর প্রতি তার আগ্রহ সেগুলো সম্পর্কে খোঁজ খবর নেওয়ার উৎসাহ যোগান
- বাচ্চাটি যে যে ক্ষেত্রে ভাল সেগুলোর দিকে মনোযোগ দিন এবং তার আশা আকাঙ্খা এবং উচ্চাভিলাষ নিয়ে তার সাথে আলাপ করুন
- পেশা পছন্দ করা নিয়ে স্কুলের আয়োজিত সভা কিংবা প্রদর্শনীতে যোগ দিন
- বাচ্চাকে ভাল করে বোঝান যে, ছেলে বা মেয়ে যে কেউই যে কোনো চাকরি করতে পারে
- পেশা সংক্রান্ত তথ্য, সাহায্য এবং পরামর্শ ভাল ভাবে কাজে লাগান
- স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান এবং কোম্পানী বা কলেজ ও ইউনিভার্সিটিতে আয়োজিত পেশা ভিত্তিক প্রদর্শনী এবং সভায় বাচ্চাকে নিয়ে যান
- চাকরির অভিজ্ঞতা অর্জন কিংবা স্বেচ্ছাসেবা মূলক কাজ (ভলান্টারি এয়ার্ক) করার জন্য বাচ্চাকে উৎসাহ দিন।

উপযুক্ত পেশা পছন্দ করার ক্ষেত্রে আপনার বাচ্চাকে সাহায্য করা সম্পর্কে আরো জানার জন্য তার স্কুলের সাথে অথবা ক্যারিয়ার্স স্কটল্যাণ্ড (Careers Scotland) এর সাথে যোগাযোগ করুন।

এ সবগুলো সম্পর্কে এবং স্কটিশ শিক্ষার যে কোনো বিষয় সম্পর্কে তথ্য প্যারেন্টজৌন (Parentzone)-এ পাবেন। **www.parentzonescotland.gov.uk**

প্রয়োজনীয় সংযোগ এবং যোগাযোগ

প্যারেণ্টজৌন (Parentzone)	www.parentzonescotland.gov.uk
ক্যারিয়ার্স স্কটল্যাণ্ড (Careers Scotland)	www.careers-scotland.org.uk
এণ্টারপ্রাইজিং ক্যারিয়ার্স (Enterprising Careers)	www.strath.ac.uk/enterprisingcareers
ডিটারমাইণ্ড টু সাকসেস (Determined to Succeed)	www.determinedtosucceed.co.uk
স্কিল (Skill) (ডিজেবোল্ড ছাত্রছাত্রীদের সেবায় নিয়োজিত জাতীয় ব্যুরো)	www.skill.org.uk
বিবিসি প্যারেণ্টস (BBC Parents)	www.bbc.co.uk/schools/parents
চাইল্ডকেয়ার লিংক (Childcare Link) টেলি: 0800 096 0296	www.childcarelink.gov.uk
ওয়ান প্যারেণ্ট ফ্যামিলিজ স্কটল্যাণ্ড (One Parent Families Scotland) টেলি: 0800 018 5026	www.opfs.org.uk
প্যারেণ্টস্‌সেণ্টার (Parentscentre)	www.parentscentre.gov.uk
প্যারেণ্টলাইন স্কটল্যাণ্ড (ParentLine Scotland) টেলি: 0808 800 2222	www.children1st.org.uk/parentline
প্যারেণ্ট নেটওয়ার্ক স্কটল্যাণ্ড (Parent Network Scotland) টেলি: 0131 555 6780	www.parentnetworkscotland.org.uk

এনকোয়ার (Enquire) (শিক্ষা ক্ষেত্রে অতিরিক্ত সাহায্য দরকার এমন বাচ্চাদের জন্য স্কটিশ পরামর্শ সার্ভিস)

সাহায্যলাইন: 0845 123 23 03 টেক্সটফোন: 0131 222 2439 www.enquire.org.uk

মা-বাবা এবং অভিভাবক তাদের বাচ্চাদের শিক্ষায় যে পার্থক্য আনতে পারেন এবং থাকেন, তা তুলে ধরে ধারাবাহিক ভাবে প্রকাশিত অনেক প্রচারপত্রের এটি আট নম্বর প্রচারপত্র। আপনার বাচ্চার স্কুল থেকে আপনি যে পরামর্শ পাবেন, তার সাথে মিলিয়ে ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলোর তথ্য আপনার বাচ্চার স্কুলের সাথে আরো ভালভাবে জড়িত হতে আপনাকে সাহায্য করবে। আমাদের প্রকাশিত অন্যান্য প্রচারপত্রগুলো হলো হোমওয়ার্ক, তথ্য বিনিময় (শেয়ারিং ইনফর্মেশন), মা-বাবাদের সাথে স্কুলের মিটিং (প্যারেণ্টস ইভনিং), স্কুলের হলিডে, নতুন শিক্ষাবর্ষ শুরুকরণ, স্বাস্থ্যকর পছন্দ (হেলথি চয়েসেস), স্কুল ছুটির পর শিক্ষা (আউট অব স্কুল লার্নিং) এবং শিক্ষা অর্জনে নতুন প্রযুক্তি (নিউ টেকনোলজি ইন লার্নিং)।

যদি আমাদের সাথে যোগাযোগ করতে চান, অথবা অন্য কোনো বিষয় নিয়ে প্রচারপত্র প্রকাশ করার অনুরোধ জানাতে চান, তাহলে অনুগ্রহপূর্বক www.parentzonescotland.gov.uk-এই ওয়েবসাইটে যান, অথবা 0131 244 0956 নাম্বারে ফোন করুন। এই প্রচারপত্রটি বিভিন্ন ভাষায় এবং নুমনায় আপনার বাচ্চার স্কুলে এবং প্যারেণ্টজৌনের ওয়েবসাইটে পাওয়া যাবে।

ধারাবাহিক ভাবে প্রকাশিত প্রচারপত্রগুলো কোয়ালিটি ইন এজুক্যাশন সেণ্টার (স্ট্র্যাথক্লাইড ইউনিভিসিটি) এবং চিলড্রেন ইন স্কটল্যাণ্ডের সাথে যৌথভাবে তৈরি করা হয়েছে।

এই অনুবাদে মুল ভাষায় লিখিত দলিলের সঠিক বিষয়বস্ত তুলে ধরা হয়েছে বলে মনে করা হয়।

qie Quality in Education

Children IN SCOTLAND CLANN AN ALBA

SCOTTISH EXECUTIVE

determined to succeed

Astron B45015 01-06 (Bengali)